দৈনিক বাংলা

৭৪

তারিখ ... 2 0 AUG 1994 ..
পৃষ্ঠা ১ কলাম ১ ...

### স্যার এফ রহমান হল উদ্বোধন

# ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশের জন্য ছাত্র সংগঠনগুলোর সংযম দরকার ঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ শুক্রবার বিকালে ঢাকা ভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ ছাত্রদের স্যার এফ রহমান হল উদ্বোধন করেছেন। চার কোটি টাকারও বেশী ব্যয়ে হলটির নির্মাণ কাজ গত বছরের ফেব্রুয়ারী মাসে শুরু হয়েছিল। প্রায় তিনশ' সীটবিশিষ্ট এ হলটির দ্বিতীয় তলা নির্মাণ শেষ হয়েছে।

ভিসি উদ্বোধনকালে বলেন, কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে সব সময় অঙ্গী-কারাবদ্ধ। তিনি জোর দিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ে দুটি সমস্যা মূলত কাজ করছে— একটা সন্ত্রাস, অন্যটি সেশনজট। তিনি বলেন, একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নের পর সেশনজট বহুলাংশে কমে গেছে। বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস নির্মূলে সকল ছাত্র

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) ক্যাম্পাসে সুষ্ঠু

সংগঠনের আন্তরিকতার প্রয়োজন বলে তিনি উল্লেখ করে। তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে সবাইকে সহিষ্ণুতা ও সংযম প্রদর্শন করতে হবে। তিনি বলেন, স্যার এফ রহমান হলটি অচিরেই ৫ তলা ভবনে বর্ধিত করা হবে। উদ্বোধনকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-ভিসি ডঃ ওয়াকিল আহমেদ, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক শহিদউদ্দীন আহমেদ, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি প্রমুখ।

ডাকসু ভিপি আমানউল্লাহ আমান এমপি বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষার ব্যাপারে সব সময় অগ্রণী ভূমিকা পালন করছে। তিনি বলেন, বর্তমান সরকারের অন্যান্য উন্নয়ন কর্মকান্ডের সাথে শিক্ষা কার্যক্রমের উন্নয়ন চলছে, কিন্তু দেশে একশ্রেণীর ছাত্র বিভিন্ন বিশ্ববিদ্যালয় কলেজগুলিতে সন্ত্রাস করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করছে।

**ডাকসুর অভিনন্দন**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)'র ভিপি আমানউল্লাহ আমান এমপি ও জিএস খায়রুল কবীর খোকন এক যুক্ত বিবৃতিতে ছাত্র সমাজের বহু প্রতীক্ষিত এফ রহমান হল গতকাল উদ্বোধন করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অভিনন্দন জানিয়েছেন। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, ছাত্র সমাজের দাবির প্রতি সাড়া দিয়ে গণতান্ত্রিক সরকার প্রধান আপোসহীন নেত্রী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্যার এফ রহমান হল নির্মাণের জন্য যে বিশেষ অনুদান দিয়েছিলেন তার জন্য আমরা তাঁকেও অভিনন্দন জানাই।